সংবাদ

তারিখ 17 JUN 2010
পৃষ্ঠা ২ কলাম ৮

সংযোজন-বিয়োজন শেষ : চূড়ান্ত তালিকা

# ১৬১২টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত

নিজস্ব বার্তা পরিবেশক

সংযোজন-বিয়োজন শেষে ১ হাজার ৬১২টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করে চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। গত ৩১ মে প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনৈতিক উপদেষ্টা ড. আলাউদ্দীন আহমদ ঘোষিত ১ হাজার ৪৮৩টি প্রতিষ্ঠানের তালিকা থেকে এবার ৬১টি অযোগ্য প্রতিষ্ঠানকে বাতিল করা হয়েছে। আর সেই তালিকার সঙ্গে এবার যোগ করা হয়েছে আরও ১৯০টি প্রতিষ্ঠানের নাম। গতকাল বুধবার রাতে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) এ তালিকা প্রকাশ করা হয়। সন্ধ্যায় মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মোমেনা মনি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে নতুন ১৯০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর এমপিও প্রদানের আদেশ জারি করা হয়। একইসঙ্গে আগের তালিকা থেকে ৬৪টি প্রতিষ্ঠানের এমপিভুক্তির আদেশ বাতিল করা হয়।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায় মন্ত্রী, সংসদ সদস্য এবং বিশিষ্ট ব্যক্তিদের চাহিদাপত্রের (ডিও লেটার) ভিত্তিতে উপদেষ্টার তালিকা সংযোজন-বিয়োজন করা হয়েছে। ঘোষিত তালিকায় বাদ শেষ : পৃষ্ঠা : ২ ক

## শেষ : সংযোজন-বিয়োজন

(১ম পৃষ্ঠার পর)

পড়া প্রতিষ্ঠানের মধ্যে; ইন্টারমিডিয়েট কলেজ ১টি, এইচএসসি (বিএম) কলেজ ৭টি, ২১ টি জুনিয়র স্কুল, ৮ টি সেকেন্ডারি স্কুল, ভোকেশনাল মাধ্যমিক বিদ্যালয় ১০টি, ১৪টি দাখিল মাদ্রাসা, ৩টি আলিম মাদ্রাসা রয়েছে। প্রথম তালিকা থেকে বাদ পড়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে অর্ধ শতাধিক প্রতিষ্ঠান নতুন তালিকায় পুনর্বহাল হয়েছে বলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন।

পুনর্বহাল ও নতুন যোগ হওয়া ১৯০ টি প্রতিষ্ঠানের মধ্যে ৭টি ভোকেশনাল মাধ্যমিক বিদ্যালয়, ৭টি ডিগ্রি কলেজ, ২২টি দাখিল মাদ্রাসা, ৪টি আলিম মাদ্রাসা, ২টি ফাজিল মাদ্রাসা, ইন্টারমিডিয়েট কলেজ ২৮টি, এইচএসসি (বিএম) কলেজ ২৩টি, ৪৯ টি জুনিয়র স্কুল, ৮টি স্কুল এন্ড কলেজ, ৪১টি সেকেন্ডারি স্কুল রয়েছে। ঘোষিত তৃতীয় তালিকার ১ হাজার ৬১২ টি প্রতিষ্ঠানের মধ্যে জুনিয়র স্কুল ৫২৯টি, সেকেন্ডারি স্কুল ৩৫৮টি, ইন্টারমিডিয়েট কলেজ ১০৫টি, এইচএসসি (বিএম) কলেজ ১৫৫টি, স্কুল এন্ড কলেজ ২৩টি, ভোকেশনাল মাধ্যমিক বিদ্যালয় ১২৬টি, ডিগ্রি কলেজ ২৫টি, দাখিল মাদ্রাসা ১৪৮টি, আলিম মাদ্রাসা ৩১টি এবং ফাজিল মাদ্রাসা ১০টি এমপিওভুক্ত হয়েছে।